



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)  
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমেদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)



বিষয়: ভূমি সংস্কার বোর্ড-এর “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪” বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শশাঙ্ক শেখর ভৌমিক  
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) ও ইনোভেশন অফিসার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা  
তারিখ : ১২-১২-২০২৩ খ্রি.  
সময় : বেলা ১১:০০ ঘটিকা  
স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর মিনি কনফারেন্স রুম

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। তিনি সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪” অনুযায়ী সভায় এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপনের অনুরোধ জানান।


ইনোভেশন টিমের সদস্য সচিব সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪” বিস্তারিতভাবে উপস্থাপন করেন। তিনি জানান যে, সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, ইতঃপূর্বে ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা, আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী আয়োজন করা এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করা, ডি-নথির ব্যবহার বৃদ্ধি করা, তথ্য বাতায়ন হালনাগাত করা এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন করা। সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দ “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪” বাস্তবায়নের বিষয়ে তাদের মতামত ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত :

১। ভূমি সংস্কার বোর্ডের “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪”-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নিম্নবর্ণিত কার্যক্রমগুলো সম্পন্ন করতে হবে।

| সিদ্ধান্ত   | লক্ষ্যমাত্রা | বাস্তবায়নকারী                           |
|---|--------------|--|
| সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে   | ১৬/০৩/২০২৪   |  |
| ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখতে হবে  | ৪            | সহকারী ভূমি সংস্কার কমিশনার-০৩           |
| আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করার বিষয়ে সকল উপ-ভূমি সংস্কার কমিশনারকে পত্র দিতে হবে। | ০৯/০৫/২০২৪   |  |
| ডি-নথিতে প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী নিষ্পত্তি করতে হবে   | ৮০%          | সহকারী ভূমি সংস্কার কমিশনার-০১/ আইটি সেল |
| তথ্য বাতায়ন প্রতি কোয়ার্টারে হালনাগাদ করতে হবে  | ৪            |  |
| আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ বিষয়ে কর্মশালা আয়োজন করতে হবে  | ৪            |  |
| স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা ফেব্রুয়ারি ২০২৪ মাসের শুরুতে আয়োজন করতে হবে  | ২            | সহকারী ভূমি সংস্কার কমিশনার-০৩           |
| স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতে হবে   | ২৫/০৩/২০২৪   |  |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪” বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
শশাঙ্ক শেখর ভৌমিক  
সদস্য (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)  
ও  
ইনোভেশন অফিসার  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৮.০২০.২৩.১১৯/১


তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (ভূমি সংস্কার বোর্ড কর্তৃক গঠিত ইনোভেশন কমিটির সদস্যবন্দ):

- (০১) উপ-ভূমি সংস্কার কমিশনার-২, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (০২) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (০৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (০৪) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (০১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (০২) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (০৩) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ বিভাগ, ঢাকা
- (০৪) সহকারী ভূমি সংস্কার কমিশনার- ১/২/৪/৫/৬
- (০৫) চেয়ারম্যান (সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- (০৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (০৭) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা [সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) মহোদয়গণের সদয় অবগতির জন্য]
- (০৮) অফিস কপি

  
খুশ্ফার হিমেল রিছিল  
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা  
ফোন: ০২৪১০১০৪৫৪  
ই-মেইল: alrc3@lrb.gov.bd